তারিখ 04 DEC 1989
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক বাংলা

# কাজী জাফরের সঙ্গে চীনা শিক্ষা প্রতিনিধিদলের বৈঠক

উপমন্ত্রী ঝু কাইজুয়ানের নেতৃত্বে সফরকারী পাঁচ-সদস্যের চীনা শিক্ষা প্রতিনিধিদল বোর-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)



প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের সঙ্গে রোববার তাঁর বাসভবনে চীনের শিক্ষা বিষয়ক উপমন্ত্রী ঝু কাইজুয়ান দেখা করেন

## বৈঠক

(১ম পৃঃ পর)

বার বিকেলে প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের সঙ্গে তাঁর বাসভবনে দেখা করেন।

বাসসর খবর, শিক্ষা ক্ষেত্রে চীন থেকে এই প্রথম একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল বাংলাদেশ সফরে এলেন। বাংলাদেশের অনুরূপ একটি প্রতিনিধিদল আগামী বছর চীন সফরে যাবেন বলে আশা করা হচ্ছে।

আলোচনায় তাঁরা দুই দেশের পারস্পরিক কল্যাণে ঘন ঘন এ ধরনের প্রতিনিধিদল বিনিময়ের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন।

প্রধানমন্ত্রী কাজী জাফর বলেন, হাজার বছর আগে থেকে দু দেশের পন্ডিত ও পর্যটকদের সফর বিনিময় শুরু হয়। এ প্রসঙ্গে তিনি চীনা পর্যটক ফা হিয়েন ও হিউয়েন সাং-এর বাংলাদেশ সফর এবং বাংলাদেশের পন্ডিত অতীশ দীপঙ্করের চীন সফরের কথা উল্লেখ করেন।

চীনা উপমন্ত্রী একই অনুভূতি ব্যক্ত করেন এবং বেজিংয়ে বাংলাদেশ চীন মৈত্রী স্কুলের জন্যে একজন শিক্ষক পাঠাতে প্রেসিডেন্ট এরশাদ যে আশ্বাস দিয়েছেন তাতে চীন উপমন্ত্রী তাঁর সরকারের সন্তোষের কথা জানান।